

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৫

তারিখ : মার্চ ২৫, ২০১০
:-----
চৈত্র ১১, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক।

প্রিয় মহোদয়,

কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০, ০৭/২০১০ এবং ০৮/২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ইতোমধ্যে দেশব্যাপী উল্লেখযোগ্য সংখ্যক ‘কৃষকের ব্যাংক হিসাব’ খোলা হয়েছে। কিন্তু কৃষকের ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে অনেক ব্যাংকই চেকবই নেই- এ অজুহাতে হিসাব খুলছে না। এতে করে কৃষকের ব্যাংক হিসাব খোলা বিঘ্নিত হচ্ছে। এ প্রেক্ষিতে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, যেক্ষেত্রে চেকবই এর অপ্রতুলতা থাকবে সেক্ষেত্রে চেকবই এর পরিবর্তে ভাউচার এর মাধ্যমেও কৃষকের ব্যাংক হিসাবে লেনদেন করা যাবে। এরূপ হিসাব নন-চেকিং একাউন্ট হিসেবে গণ্য হবে। কোন অবস্থাতেই চেকবই নেই- এ অজুহাতে কৃষকের ব্যাংক হিসাব খোলা স্থগিত রাখা যাবে না।

এ ব্যাপারে আপনাদের সংশ্লিষ্ট অফিস/শাখামূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ সোহরাওয়ার্দী)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১১৭৮২৫